গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
www.mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০১৪.২৮.০০২.২০১৮ (অংশ-২)-৫৭

তারিখ: ২২ মাঘ ১৪৩২
৫ ফেব্রুয়ারি ২০২৬

**পরিপত্র**

বিষয় : হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে ও মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধিকরণে মনিটরিং কমিটি গঠন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৮.১০.২০২৫ তারিখ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের (হশাআবি) আমদানি কার্গো কমপ্লেক্সে সংঘটিত অগ্নিকাণ্ড তদন্তে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৮ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটির পর্যবেক্ষণ এবং সুপারিশের আলোকে যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম পর্যবেক্ষণের জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও মোকাবিলা সক্ষমতা বৃদ্ধিকরণে মনিটরিং কমিটি শীর্ষক নিম্নরূপ কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো :

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেবিপপম | - সভাপতি |
| (২) নির্বাহী পরিচালক, হশাআবি | - সদস্য |
| (৩) পরিচালক, ফায়ার, বেবিচক | - সদস্য |
| (৪) পরিচালক, এভসেক, বেবিচক | - সদস্য |
| (৫) কমিশনার, ঢাকা কাস্টমস হাউস | - সদস্য |
| (৬) অধিনায়ক, এয়ারপোর্ট আর্মড পুলিশ ব্যাটালিয়ন | - সদস্য |
| (৭) পরিচালক (কার্গো), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: | - সদস্য |
| (৮) পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | - সদস্য |
| (৯) পরিচালক (প্রশাসন), বেবিচক | - সদস্যসচিব |

কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

**কমিটির কার্যপরিধি :**

গত ১৮.১০.২০২৫ তারিখে হশাআবিতে সংঘটিত অগ্নিকান্ড তদন্তে গঠিত কমিটির প্রতিবেদনে বর্ণিত পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে হশাআবির অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও মোকাবিলার সক্ষমতা বৃদ্ধিতে বেবিচক কর্তৃক গৃহীত পদক্ষেপ পরিবীক্ষণ, তথ্য পর্যালোচনা, বাস্তবায়ন অগ্রগতি সরেজমিন পরিদর্শন এবং প্রয়োজন অনুসারে যথাযথ কর্তৃপক্ষের নিকট উপযুক্ত সুপারিশ উপস্থাপন করা।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৫.০২.২০২৬

রুমানা ইয়াসমিন
উপসচিব
ফোন: ৫৫১০১২৩৭
E-mail: dsca2@mocat.gov.bd

**বিতরণ:**

১। অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২। নির্বাহী পরিচালক, শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৩। কমিশনার, ঢাকা কাস্টমস হাউস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৪। অধিনায়ক, এয়ারপোর্ট আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।
৫। পরিচালক (কার্গো), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: কুর্মিটোলা, ঢাকা।
৬। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৭। পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা-১০০০।
৮। পরিচালক (এভসেক), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৯। পরিচালক (ফায়ার), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।

নং-৩০.০০.০০০০.০১৪.২৮.০০২.২০১৮ (অংশ-২)- ৫৭ তারিখ: ২২ মাঘ ১৪৩২ / ৫ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা;
৬। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা-১০০০ (পরিচালক পদমর্যাদার কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ);
৮। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:, কুর্মিটোলা, ঢাকা;
৯। কমান্ডিং অফিসার (অতিরিক্ত ডিআইজি), এয়ারপোর্ট আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা (অধিনায়ক পদমর্যাদার কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ);
১০। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১। উপদেষ্টার একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
১২। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ);
১৩। প্রোগ্রামার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

05.02.2026

রুমানা ইয়াসমিন
উপসচিব